

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-২
(www.tmed.gov.bd)

নং- ৫৭.০০.০০০০.০৮৫.৫৯.০৭.২০১৭- ৫২

তারিখ: ০৬ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ
২০ জুন ২০১৯ খ্রিস্টাব্দ


বিষয়: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের একটি মাইক্রোবাস (ঢাকা মেট্রো-চ-৫১-০১১২) অকেজো ঘোষণা করায় তদস্থলে নতুন একটি মাইক্রোবাস ক্রয়ের প্রশাসনিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- ৩৭.১৬.০০০০.০০৬.২৬.০০১.১৯.১৩১১, তারিখ: ১৬.০৪.২০১৯খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০১৮-১৯ অর্থ-বছরের বাজেটে প্রতিষ্ঠানটির অনুকূলে অর্থনৈতিক কোড নং-৬৮০৭-এ মোটনযান ক্রয় খাতে ৮০,০০,০০০/- (আশি লক্ষ) টাকা বরাদ্দ আছে (সংযুক্ত-১)। ইতোমধ্যে প্রতিষ্ঠানটির পুরাতন মাইক্রোবাসটি (নং-ঢাকা-মেট্রো-চ-৫১-০১১২) কনডেম করা হয়েছে (সংযুক্ত-২) এবং পুরাতন মাইক্রোবাসটি যথাযথ প্রক্রিয়ায় বিক্রয় করে বিক্রয়লক্ষ ১,৭৮,৫৪২/- (এক লক্ষ আটাত্তর হাজার পাঁচশত বিয়াল্লিশ) টাকা ট্রেজারি চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে (সংযুক্ত-৩)। মাইক্রোবাসটি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের TO&E তে অন্তর্ভুক্ত আছে (সংযুক্ত-৪)।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অকেজো ঘোষিত মাইক্রোবাস স্থলে ১২ আসন বিশিষ্ট নতুন ১৮০০-২০০০ সিসি মাইক্রোবাস ক্রয়ে সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ২৮ (আটাশ) পাতা।


(সেয়দ আসিগরি আলী)
সহকারী সচিব (মাদ্রাসা-২)
তারিখ: ১৫/০৬/১৯

সচিব

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অনুলিপি (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বক্শিবাজার, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। অফিস কপি।